

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে (Stakeholder) সভার কার্যবিবরণী।

সভাপতি : শাহ মোঃ ইমদাদুল হক  
অতিরিক্ত সচিব  
ও  
শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট  
তারিখ ও সময় : ২৮/০৩/২০২২; সকাল: ১০.০০ ঘটিকা।  
স্থান : সভাকক্ষ, প্রাণিসম্পদ অধিদপ্তর।  
উপস্থিতির তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, প্রাণিসম্পদ অধিদপ্তর হচ্ছে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অন্যতম Stakeholder। এজন্য শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে একটি অংশীজনের অংশগ্রহণে (Stakeholder) সভা সেখানে আহ্বান করা হয়েছে। সভায় উপস্থিত প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের মধ্য হতে আগ্রহীদের নিজ নিজ বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান।


০২। প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ সভায় নিজ নিজ অভিজ্ঞতার আলোকে মতামত বিনিময় করেন। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধীনস্থ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সরাসরি বক্তব্য আদান প্রদানের সুযোগ তৈরী হওয়ায় তা দাপ্তরিক কাজকে অস্বাভাবিক করে বলেও তারা আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি জানান যে, ভবিষ্যতে এ ধরনের সভা আয়োজন অব্যাহত থাকবে। সভাপতি উপস্থিত সকলকে করোনা ভাইরাস জনিত দুর্ঘটনা পরিস্থিতি মোকাবেলায় সকলকে স্বাস্থ্যবিধি মেনে সতর্ক থাকার আহ্বান জানান। তিনি আরও বলেন যে, জনগণের নিত্য প্রয়োজনীয় খাদ্য বিশেষত প্রাণিজ আমিষ উৎপাদন ও সরবরাহের সাথে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট হওয়ায় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক মাছ, মাংস, ডিম ও দুধের উৎপাদন ও সরবরাহ ব্যবস্থা অব্যাহত রাখার জন্য সকলকে সচেতন থাকতে হবে। একইসাথে করোনা ভাইরাস জনিত পরিস্থিতি মোকাবেলার জন্য সরকার নির্দেশিত স্বাস্থ্য বিধি অনুসরণ এবং এ বিষয়ে জনগণকে সচেতন করার জন্য সকলকে সচেতন থাকতে হবে।

০৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) বিদ্যমান করোনা ভাইরাস পরিস্থিতিতে এবং অসন্ন রমজানের প্রাক্কালে প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে সরকার নির্দেশিত সকল প্রকার স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দাপ্তরিক কার্যক্রম চালু রেখে মাছ, মাংস, ডিম ও দুধের উৎপাদন ও সরবরাহ ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।

খ) প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে স্বাস্থ্যবিধির যথাযথ অনুসরণপূর্বক পরিবারের সদস্যসহ সকলকে তা মেনে চলার জন্য উদ্বুদ্ধ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
০৮.০৪.২০২২  
(শাহ মোঃ ইমদাদুল হক)  
অতিরিক্ত সচিব

৩

শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট